

স্মারক নং বুটেক্স/প্রশা. ৪/৪র্থ খন্ড/২০২৬/৫৬৩

তারিখ: ০১/০৭/২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

বুটেক্সে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ৫২তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় (বুটেক্স)-এ বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের লেভেল-১, টার্ম-১-এর ৫২তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠান ১ জুলাই ২০২৬ বুধবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানানো হয়।



অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা মন্ত্রী ড. আন ম এছানুল হক মিলন এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্য জনাব সানজিদা ইসলাম এমপি এবং ইঞ্জিনিয়ার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (এ্যাব)-এর আহ্বায়ক ইঞ্জিনিয়ার মোঃ শাহরিন ইসলাম চৌধুরী তুহিন। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যাসোসিয়েশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (এ্যাব)-এর কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির সদস্য সচিব ইঞ্জিনিয়ার শোয়েব বাশরি হাবলু এবং আইটিইটি, বাংলাদেশের নবনির্বাচিত সভাপতি প্রকৌশলী মোঃ এনায়েত হোসেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ জুলহাস উদ্দিন। এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, ৫২তম ব্যাচের নবীন শিক্ষার্থী এবং অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় শিক্ষা মন্ত্রী ড. আন ম এছানুল হক মিলন দেশের টেক্সটাইল শিল্পের টেকসই উন্নয়নে গবেষণাভিত্তিক শিক্ষা, উদ্ভাবন এবং দক্ষ মানবসম্পদ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। তিনি নবীন শিক্ষার্থীদের একাডেমিক উৎকর্ষ অর্জনের পাশাপাশি গবেষণা, সৃজনশীলতা ও নেতৃত্বের গুণাবলি বিকাশে মনোযোগী হওয়ার আহ্বান জানান। দেশের তৈরি পোশাক শিল্পের বৈশ্বিক অবস্থান আরও সুসংহত করতে দক্ষ টেক্সটাইল প্রকৌশলীদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করে তিনি টেক্সটাইল প্রকৌশলীদের জন্য পৃথক ক্যাডার চালুর বিষয়টি সরকারের নীতিনির্ধারণী পর্যায়ে বিবেচনার আশ্বাস প্রদান করেন। এছাড়া বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন, আধুনিক গবেষণাকেন্দ্র স্থাপন, নতুন একাডেমিক ভবনের নির্মাণ, ক্যাম্পাস সম্প্রসারণ এবং দ্বিতীয় ক্যাম্পাস প্রতিষ্ঠায় সরকারের সহযোগিতা অব্যাহত থাকবে বলেও তিনি উল্লেখ করেন।

বিশেষ অতিথি সংসদ সদস্য জনাব সানজিদা ইসলাম এমপি দেশের অর্থনীতিতে টেক্সটাইল ও তৈরি পোশাক শিল্পের গুরুত্বপূর্ণ অবদানের কথা তুলে ধরেন। তিনি বুটেক্সের স্নাতকদের দক্ষতা ও শিল্পখাতে তাঁদের সফল অবদানের প্রশংসা করেন। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ে

৮




আধুনিক গবেষণা অবকাঠামো গড়ে তোলা এবং টেক্সটাইল প্রকৌশলীদের জন্য ক্যাডারভিত্তিক কর্মসংস্থানের বিষয়টি সংশ্লিষ্ট মহলে গুরুত্ব সহকারে বিবেচনার প্রত্যাশা ব্যক্ত করেন।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মো. জুলহাস উদ্দিন নবীন শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, বিশ্ববিদ্যালয় জীবনে পড়াশোনাকেই সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। নিয়মিত ক্লাস, পরীক্ষায় অংশগ্রহণ এবং ভালো ফলাফলের পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমে সম্পৃক্ত হয়ে নেতৃত্ব, যোগাযোগ দক্ষতা ও মানবিক গুণাবলি অর্জন করতে হবে। বুটেক্সের লক্ষ্য শুধু দেশীয় শিল্পের জন্য নয়, আন্তর্জাতিক পর্যায়ে প্রতিযোগিতায় সক্ষম গ্লোবাল গ্র্যাজুয়েট তৈরি করা। এ লক্ষ্যে বিশ্ববিদ্যালয় গবেষণাভিত্তিক শিক্ষা ও আধুনিক প্রযুক্তিনির্ভর দক্ষতা অর্জনে গুরুত্ব দিচ্ছি আমরা। আমি আশা করি নবীন শিক্ষার্থীরা চার বছরের নির্ধারিত সময়ে সফলভাবে স্নাতক সম্পন্ন করে দেশ ও জাতির উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম, পরীক্ষা পদ্ধতি, গবেষণা ও উদ্ভাবন, সহশিক্ষা কার্যক্রম, ক্যাম্পাসের নিয়ম-শৃঙ্খলা এবং ভবিষ্যৎ পেশাগত দক্ষতা অর্জনের বিভিন্ন দিক সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করা হয়। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা-গবেষণার পরিবেশ, শিক্ষার্থীদের দায়িত্ব ও সুযোগ-সুবিধা এবং ভবিষ্যৎ ক্যারিয়ার পরিকল্পনা সম্পর্কেও দিকনির্দেশনা প্রদান করা হয়।

অনুষ্ঠানটি নবীন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় জীবনের একটি তাৎপর্যপূর্ণ সূচনা হিসেবে অনুষ্ঠিত হয় এবং শিক্ষা, গবেষণা ও পেশাগত উৎকর্ষ অর্জনের লক্ষ্যে তাদের উদ্বুদ্ধ করার মধ্য দিয়ে সফলভাবে সমাপ্ত হয়।

 01.07.26

(অধ্যাপক ড. রাশেদা বেগম দিনা)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)